

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬২৭

আগরতলা, ১৬ মার্চ, ২০২৬

এডিসির ২৮টি আসনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ

ডিস্ট্রিক্ট কাউন্সিলের নির্বাচন কমিশনার গত ১৩ মার্চ, ২০২৬ তারিখে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের ২৮টি আসনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছেন। চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে ২৮টি নির্বাচনী কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা হচ্ছে ৯,৬২,৬৯৭ জন। এরমধ্যে পুরুষ ভোটারের সংখ্যা হচ্ছে ৪,৮২,০২৫ জন, মহিলা ভোটারের সংখ্যা ৪,৮০,৬৬৬ জন এবং তৃতীয় লিঙ্গ ভোটার ৬ জন। ডিস্ট্রিক্ট কাউন্সিলের নির্বাচন কমিশনের অফিস থেকে এই সংবাদ জানানো হয়েছে।
